# মঞ্জুরি নং-০২

## ১০৩ - প্রধানমন্ত্রীর কার্যালয়

## মধ্যমেয়াদি ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| পরিচালন ব্যয় | ৯৯৪,২৯,০০ | ১০৭০,২৫,০০ | ১১৫২,১৫,০০ |
| উন্নয়ন ব্যয় | ৩৬০৬,১৪,৮৫ | ৩৯৭২,৫২,০০ | ৪২৭৬,৪৫,০০ |
| **মোট** | **৪৬০০,৪৩,৮৫** | **৫০৪২,৭৭,০০** | **৫৪২৮,৬০,০০** |
| | | | |
| আবর্তক | ১১৯৬,৫১,৩৫ | ১২৪৮,৮৯,৫০ | ১৩১৩,৭৭,৮৫ |
| মূলধন | ১১৫১,৭২,৫০ | ৩৭৯৩,৮৭,৫০ | ৪১১৪,৮২,১৫ |
| আর্থিক সম্পদ | ২২৫২,২০,০০ | ০ | ০ |
| দায় | ০ | ০ | ০ |
| **মোট** | **৪৬০০,৪৩,৮৫** | **৫০৪২,৭৭,০০** | **৫৪২৮,৬০,০০** |

### ১.০ মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

### ১.১ মিশন স্টেটমেন্ট

মাননীয় প্রধানমন্ত্রীকে সাচিবিক সহায়তা প্রদান, বিভিন্ন দেশের রাষ্ট্র ও সরকার প্রধানগণের বাংলাদেশ সফরকালে দ্বি-পাক্ষীক আলোচনা, চুক্তি সম্পাদন, রাষ্ট্রীয় বিভিন্ন অনুষ্ঠান পালনে সহায়তা, সরকারি- বেসরকারি বিনিয়োগ সহায়ক পরিবেশ সৃষ্টি, জাতীয় নিরাপত্তা ও গোয়েন্দা সংস্থাসমূহের সমন্বয় সাধনপূর্বক সকল জাতীয় কার্যক্রমে সম্পৃক্ত হয়ে প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন এবং অর্থ সামাজিক ও মানবসম্পদ উন্নয়নের মাধ্যমে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ

### ১.২ প্রধান কার্যাবলি

১.২.১. মাননীয় প্রধানমন্ত্রীকে রাজনৈতিক এবং জাতীয় সংসদ সংক্রান্ত দায়িত্ব পালনসহ তাঁর যাবতীয় কার্যাদি সম্পাদনে সাচিবিক সহায়তা প্রদান;

১.২.২. প্রধানমন্ত্রীর কার্যালয়ের সাথে সম্পর্কযুক্ত কার্যক্রমের বিষয়ে বিভিন্ন দেশ এবং আন্তর্জাতিক সংগঠনের সাথে যোগাযোগ রক্ষা এবং বিভিন্ন দেশ ও আন্তর্জাতিক সংস্থাসমূহের সাথে সন্ধি-চুক্তি সম্পাদন;

১.২.৩. মাননীয় প্রধানমন্ত্রীর নিরাপত্তা, বাংলাদেশ সফরকালে বিভিন্ন রাষ্ট্র প্রধান, সরকার প্রধান এবং সরকার কর্তৃক ঘোষিত গুরুত্বপূর্ণ সম্মানিত ব্যক্তিবর্গের প্রটোকল ও এ সংক্রান্ত আনুষ্ঠানিকতা পালন;

১.২.৪. সমতল ভূমিতে বসবাসরত ক্ষুদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের জন্য কার্যক্রম গ্রহণ;

১.২.৫. এনজিও এ্যাফেয়ার্স ব্যুরোর সংক্রান্ত বিষয়াদি;

১.২.৬. বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, বেসরকারি রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল গভর্ণর বোর্ডের নির্বাহী সেল, বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ এর কার্যাবলি সম্পাদন;

১.২.৭. জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থার প্রশাসনিক কার্যাবলি এবং সকল গোয়েন্দা সংস্থার কার্যাবলির সমন্বয় সাধন;

১.২.৮. পাবলিক প্রাইভেট পার্টনারশিপ কর্তৃপক্ষ ও জাতীয় দক্ষতা উন্নয়ন উন্নয়ন সম্পর্কিত কার্যাবলি সম্পাদন।

## ২.০ মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. মাননীয় প্রধানমন্ত্রীকে সার্বিক সাচিবিক ও রাজনৈতিক সহায়তা | • মাননীয় প্রধানমন্ত্রীকে তাঁর দায়িত্ব পালনে সাচিবিক সহায়তা প্রদান<br>• জাতীয় সংসদ বিষয়ক দায়িত্ব পালনে সহায়তা প্রদান<br>• রাজনৈতিক বিষয়াদি সংশ্লিষ্ট সহায়তা প্রদান<br>• বিভিন্ন দেশ ও আন্তর্জাতিক সংস্থাসমূহের সাথে যোগাযোগ রক্ষা এবং সন্ধি-চুক্তি সম্পাদন<br>• মাননীয় প্রধানমন্ত্রীর নিরাপত্তা, বৈদেশিক রাষ্ট্র প্রধান, সরকার প্রধান এবং সরকার ঘোষিত গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের প্রটোকল ও সমন্বয়<br>• সকল গোয়েন্দা সংস্থার কার্যাবলির সমন্বয় সাধন<br>• মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়ন<br>• প্রধানমন্ত্রী স্কলারশীপ প্রদান | • প্রধানমন্ত্রীর কার্যালয় |
| ২. প্রান্তিক এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জীবনযাত্রার মানোন্নয়ন | • ভূমিহীন, গৃহহীন, প্রান্তিক ও ছিন্নমূল পরিবারের পুনর্বাসনের লক্ষ্যে বসত ঘর নির্মাণ<br>• সমতলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জন্য শিক্ষা স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণসহ  কর্সংস্থান সৃষ্টির লক্ষ্যে আয়বর্ধনমূলক প্রকল্প গ্রহণ | |
| ৩. বিনিয়োগ অনুকূল পরিবেশ সৃষ্টি | • ইপিজেডসমূহে ভৌত অবকাঠামোগত সুযোগ-সুবিধা বৃদ্ধি ও বিনিয়োগ বান্ধব পরিবেশ সৃষ্টি<br>• বিদেশী পুঁজি ও উন্নত প্রযুক্তি আহরণের মাধ্যমে কর্মসংস্থান সৃজন<br>• রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান স্থাপনে সহায়তা | • বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা) |
| | • বিনিয়োগ পরামর্শ সেবা ও বিনিয়োগ উন্নয়ন কার্যক্রম<br>• দেশি-বিদেশি-যৌথ বিনিয়োগে শিল্প নিবন্ধিকরণ, বৈদেশিক ঋণ প্রস্তাব অনুমোদন এবং কারিগরি সহায়তা, কারিগরি প্রজ্ঞান, রয়্যালটি ও অন্যান্য কারিগরি ফিস প্রত্যাবাসনের অনুমোদন<br>• বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের BIDA Online Service Tracking (BOST), BIDA Information Management System (BIMS) এবং Online Registration System (ORS) এর মাধ্যমে সেবা প্রদান<br>• বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক ই-সেবা প্রদানের মাধ্যমে বিদেশি বিনিয়োগকারীদের জন্য ভিসার সুপারিশ, কর্মকর্তা ও কর্মচারীদের অনুকূলে কর্মানুমতি (Work Permit) প্রদান, ব্রাঞ্চ, লিয়াজো রিপ্রেজেন্টেটিভ অফিসের অনুমোদন<br>• নিবন্ধিত শিল্প প্রকল্পের অনুকূলে শিল্প আইআরসি'র ও ইমপোর্ট পারমিটের সুপারিশ এবং মূলধনী যন্ত্রপাতি ছাড়করণের জন্য প্রত্যয়নপত্র প্রদান<br>• শিল্প স্থাপনের লক্ষ্যে সরকারি খাস জমির জন্য সুপারিশ | • বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা]) |

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | প্রদান, ব্যক্তি মালিকানাধীন জমি অধিগ্রহণের ব্যবস্থাকরণ, নিবন্ধন-উত্তর অন্যান্য শিল্প সহায়তা এবং উপযোগ সেবা প্রদান<br>● পলিসি এ্যাডভোকেসি (শিল্প, ব্যবসা ও বাণিজ্যিক বিষয়ে অনুকূল নীতিমালার পক্ষে মতামত-সুপারিশ) | |
| | ● নতুন অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার প্রস্তাব গ্রহণ/সংগ্রহ ও যাচাই বাছাই<br>● এর মাধ্যমে সেবা প্রদান-ওএসএস<br>● অর্থনৈতিক অঞ্চলে বিনিয়োগবান্ধব পরিবেশ সৃষ্টি<br>● অর্থনৈতিক অঞ্চলে কর্মসংস্থান সৃষ্টি | ● বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) |
| | ● বেসরকারি ইপিজেডে শিল্প স্থাপনের অনুমোদন প্রদান<br>● বৈদেশিক নাগরিকদের ওয়ার্ক পারমিট প্রদান | ● বেসরকারি রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল গভর্ণরস বোর্ডের নির্বাহী সেল |
| ৪. অবকাঠামো উন্নয়নে বেসরকারি খাতের অংশগ্রহণ বৃদ্ধি | ● পিপিপি'র আওতায় জনসেবায় টেকসই অবকাঠামো প্রকল্পের উন্নয়নে সহায়তা<br>● জনসেবায় বেসরকারি বিনিয়োগের পরিমাণ বৃদ্ধি ও পিপিপি প্রোগ্রামের গ্রহণযোগ্যতা বৃদ্ধি<br>● বেসরকারি বিনিয়োগকারীদের আস্থা গড়ে তুলতে একটি আইনি এবং বিধিবদ্ধ কাঠামো তৈরি করা | ● পাবলিক প্রাইভেট পার্টনারশিপ কর্তৃপক্ষ |
| ৫. এনজিওদের কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ | ● এনজিওদের নিবন্ধন প্রদান<br>● এনজিওদের প্রকল্প অনুমোদন<br>● বৈদেশিক সাহায্য প্রাপ্ত এনজিওদের কার্যক্রম পর্যবেক্ষণ-মূল্যায়ন | ● এনজিও বিষয়ক ব্যুরো |
| ৬. জাতীয় যোগ্যতা কাঠামো অনুযায়ী দক্ষ জনশক্তি গড়ে তোলা | ● দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ পরিচালনা;<br>● প্রাক অভিজ্ঞতার সনদায়ন;<br>● পেশাভিত্তিক স্টান্ডার্ড প্রণয়ন;<br>● প্রশিক্ষিত শিক্ষক তৈরী;<br>● অ্যাসেসর তৈরী;<br>● ২০টি পেশায় জাতীয় দক্ষতা উন্নয়ন প্রতিযোগিতার আয়োজন এবং আঞ্চলিক ও বিশ্ব দক্ষতা প্রতিযোগিতায় অংশগ্রহণ। | ● জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ |

**৩.০ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য**

**৩.১ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের উপর কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব**

**৩.১.১ মাননীয় প্রধানমন্ত্রীকে সার্বিক সাচিবিক ও রাজনৈতিক সহায়তা**

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** প্রত্যক্ষ কোন প্রভাব নেই।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** প্রত্যক্ষ কোন প্রভাব নেই।

### ৩.১.২ প্রান্তিক এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জীবনযাত্রার মানোন্নয়ন

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** আশ্রয়ণ প্রকল্প গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার চিন্তাপ্রসূত উদ্ভাবন। মাননীয় প্রধানমন্ত্রী ১৯৯৭ সালের ২০ মে কক্সবাজার জেলার সেন্টমার্টিনে সরেজমিনে ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্থ গৃহহীন ও ছিন্নমূল পরিবারের অসহায়ত্ব দেখে ব্যথিত হন এবং তাদের পুনর্বাসনের নির্দেশ প্রদান করেন। পরবর্তীতে ভূমিহীন, গৃহহীন, ছিন্নমূল মানুষকে নিজের পায়ে দাঁড় করানোর লক্ষ্যে ১৯৯৭ সালে 'আশ্রয়ণ' নামে একটি প্রকল্প গ্রহণ করেন। গৃহের নিশ্চয়তা একজন মানুষের অর্থনৈতিক মুক্তিকে ত্বরান্বিত করে, আত্মমর্যাদা নিয়ে বেঁচে থাকার প্রেরণা যোগায়। জমি ও গৃহ প্রদানের সাথে সাথে সবুজ বেষ্টনী ও নির্মল পরিবেশ তৈরি এবং উপকারভোগীদের চাহিদা পূরণে ফলদ ও বনজ বৃক্ষরোপণ এবং বিদ্যুৎ সংযোগ প্রদান, প্রত্যেকটি পরিবারের জন্য বিশুদ্ধ খাবার পানি, টয়লেটের সুবিধা, স্বাস্থ্যসেবা ও শিশুদের প্রাথমিক বিদ্যালয়ে গমন নিশ্চিতকরণসহ সকল নাগরিক সুবিধা প্রদান করা হচ্ছে। আশ্রয়ণ প্রকল্পের মাধ্যমে ভূমিহীন-গৃহহীন-ছিন্নমূল ও অসহায় মানুষকে শুধু গৃহ প্রদানই করা হয় না, পুনর্বাসিত পরিবারসমূহকে প্রশিক্ষণ, ঋণ, শিক্ষা, স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা কার্যক্রমসহ বিভিন্ন সুবিধা প্রদান করে তাদেরকে জাতীয় অর্থনীতির মূলধারায় সম্পৃক্ত করা হচ্ছে। দেশের একজন মানুষও গৃহহীন থাকবে না" মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার এ ঘোষণা বাস্তবায়নে মুজিববর্ষ উপলক্ষে সম্প্রতি উঁচু খাস জমির প্রাপ্যতা সাপেক্ষে পরিবার প্রতি ২ শতাংশ খাস জমি বন্দোবস্ত প্রদান পূর্বক দেশের সকল ভূমিহীন ও গৃহহীন পরিবারকে একক গৃহ নির্মাণ করে দেয়া হচ্ছে

**নারী উন্নয়নের উপর প্রভাব:** ভূমিহীন এবং গৃহহীন যে কোন বয়সের মানুষই এ প্রকল্পের আওতাভুক্ত। তবে বিধবা ও স্বামী পরিত্যক্তদের অসহায়ত্বের বিষয়টি বিবেচনায় অগ্রাধিকার দেয়া হয়েছে। এ প্রকল্পে উপকারভোগী প্রতিটি ভূমিহীন পরিবারের স্বামী-স্ত্রীর যৌথ নামে জমির মালিকানা রেজিস্ট্রি দলিলমূলে প্রদান করা হয়ে থাকে। একই সঙ্গে যৌথ নামে নামপত্তন, খতিয়ান ও দাখিলা প্রদান করা হয়ে থাকে। ফলে প্রথাসিদ্ধ আইনী কাঠামোর বাইরে উত্তরাধিকারসূত্রে তাদের সন্তানদেরও সমান অধিকার নিশ্চিত হবে। প্রকল্পের প্রশিক্ষণ ও সমবায় সমিতিসহ প্রতিটি কার্যক্রমে নারী সদস্যদের অধিকার ও অংশগ্রহণ নিশ্চিত করা হয়

### ৩.১.৩ বিনিয়োগ অনুকূল পরিবেশ সৃষ্টি

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** ইপিজেড এর শিল্প প্রতিষ্ঠানসমূহে উল্লেখযোগ্য সংখ্যক বাংলাদেশীর প্রত্যক্ষ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। এছাড়া বিভিন্ন ইপিজেড এবং অর্থনৈতিক অঞ্চলে নতুন বিনিয়োগ আকর্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য দূরীকরণে ভূমিকা রাখবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** ইপিজেডসমূহে বর্তমানে কর্মরত শ্রমিকদের ৬৪% নারী। দেশের শ্রমবাজার এবং আয়বর্ধক কার্যক্রমে নারীর অংশগ্রহণ, নারীর ক্ষমতায়ন এবং তাদের সামাজিক নিরাপত্তা বৃদ্ধিতে ব্যাপক ভূমিকা রাখছে। বিশ্বব্যাংকের সহায়তায় Northern Areas Reduction of Poverty Initiative (NARPI) প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে উত্তরাঞ্চলের মংগাপীড়িত এলাকার মহিলাদের প্রশিক্ষণের মাধ্যমে বিভিন্ন শিল্প-প্রতিষ্ঠানে চাকরির উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। দেশের সম্ভাবনাময় সকল স্থানে অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার মাধ্যমে নারীদের ব্যাপক কর্মসংস্থান, জীবন যাত্রার মান ও আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের সুযোগ সৃষ্টি হবে।

### ৩.১.৪ অবকাঠামো উন্নয়নে বেসরকারি খাতের অংশগ্রহণ বৃদ্ধি

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** সরকারি-বেসরকারি অংশিদারিত্ব (Public Private Partnership-PPP) কার্যক্রমের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়ন, অবকাঠামো বিনির্মাণ ও দেশে ব্যাপক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে, যা দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে প্রত্যক্ষ ভূমিকা রাখতে সক্ষম হবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** সরকারি-বেসরকারি অংশিদারিত্ব (Public-Private Partnership-PPP) কার্যক্রমের মাধ্যমে দেশে অর্থনৈতিক উন্নয়ন, ব্যাপক অবকাঠামো বিনির্মাণ ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে, যা নারীদের আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রাখবে।

### ৩.১.৫ এনজিওদের কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** এনজিও বিষয়ক ব্যুরোর মাধ্যমে দেশি-বিদেশী এনজিওদের কার্যক্রম বাস্তবায়নে সহায়তা প্রদান ও পরিবীক্ষণ কার্যক্রম অব্যাহত থাকবে, যা দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রাখবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** এনজিওদের বিভিন্ন প্রকল্প ও কর্মসূচি বাস্তবায়ন সহায়তা করে নারীর ক্ষমতায়ন, স্বাস্থ্য সেবা প্রাপ্তি, পুষ্টি, শিক্ষা ও প্রশিক্ষণ প্রাপ্তি, ঋণ প্রদান, বিচার প্রাপ্তি, সহিংসতা ও নির্যাতন রোধ ইত্যাদি যার মাধ্যমে পরোক্ষভাবে নারী উন্নয়নে অবদান রাখবে।

### ৩.১.৬ জাতীয় যোগ্যতা কাঠামো অনুযায়ী দক্ষ জনশক্তি গড়ে তোলা

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** জাতীয় যোগ্যতা কাঠামো অনুযায়ী জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) দক্ষতা উন্নয়নমূলক বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে যা কর্মসংস্থান সৃষ্টিতে ভূমিকা রাখবে এবং দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রাখবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) নারীদের দক্ষতা উন্নয়নের জন্য বিভিন্ন কর্মসূচী বাস্তবায়ন করে, যা নারীদের উন্নয়নে প্রভাব রাখবে।

## ৩.২ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সম্পর্কিত বরাদ্দ

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| দারিদ্র্য নিরসন | ২৯৯৬,০৭,০১ | ৩২২১,৬৬,২১ | ২৫১৮,৪২,৭৮ |
| নারী উন্নয়ন | ১২৯৮,০১,১৮ | ৮৪,২৬,২৩ | ৮৮,১২,৯৮ |

## ৪.১ অগ্রাধিকার ব্যয়খাত/কর্মসূচিসমূহ (Priority Spending Areas/Programmes)

| অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| ১. **সার্বিক সহায়তা প্রদান**<br>মাননীয় প্রধানমন্ত্রীকে তাঁর দায়িত্ব পালনে সাচিবিক সহায়তা, জাতীয় সংসদ বিষয়ক দায়িত্ব পালনে সহায়তা এবং রাজনৈতিক বিষয়াদি সংশ্লিষ্ট সহায়তা প্রদান করা হয় । | • মাননীয় প্রধানমন্ত্রীকে সার্বিক সাচিবিক ও রাজনৈতিক সহায়তা |
| ২. **দরিদ্র ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জীবন-যাত্রার মানোন্নয়ন**<br>দ্রুত দারিদ্র্য নিরসন করে সহস্রাব্দের লক্ষ্যমাত্রা অর্জনে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। ভূমিহীন, গৃহহীন, ছিন্নমূল ও প্রান্তিক জনগণের পুনর্বাসন এবং তাদের শিক্ষা, প্রশিক্ষণ, ঋণ, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা প্রদানের মাধ্যমে স্বাবলম্বী করে তোলা হলে তা দারিদ্র্য নিরসনে সহায়ক ভূমিকা রাখবে। এছাড়া, সামগ্রিক সামাজিক উন্নয়নের লক্ষ্যে সমতল ভূমিতে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জন্য প্রধানমন্ত্রীর কার্যালয় শিক্ষা, প্রশিক্ষণ, ক্ষুদ্রঋণসহ বিভিন্ন অবকাঠামোগত উন্নয়ন কার্যক্রম গ্রহণ করে আসছে। এ প্রেক্ষিতে এটিকে প্রধানমন্ত্রীর কার্যালয়ের অগ্রাধিকার খাত হিসেবে বিবেচনা করা হয়েছে। | • প্রান্তিক এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জীবনযাত্রার মানোন্নয়ন |
| ৩. **বিনিয়োগ বৃদ্ধির মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত করা**<br>সরকারি-বেসরকারি অংশিদারিত্বের মাধ্যমে বিনিয়োগ বান্ধব পরিবেশ সৃষ্টি করে দেশি-বিদেশী বিনিয়োগ বৃদ্ধির মাধ্যমে শিল্পায়ন এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত করা সম্ভব হবে। প্রধানমন্ত্রীর কার্যালয় বিনিয়োগ আকৃষ্টকরণে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করে থাকে। দেশের অর্থনৈতিক উন্নয়ন ও কর্মসংস্থান সৃষ্টিতে বিনিয়োগের গুরুত্ব বিবেচনায় আলোচ্য খাতকে দ্বিতীয় অগ্রাধিকার খাত হিসেবে বিবেচনা করা হয়েছে। | • বিনিয়োগ অনুকূল পরিবেশ সৃষ্টি<br>• অবকাঠামো উন্নয়নে বেসরকারি খাতের অংশগ্রহণ বৃদ্ধি |
| ৪. **বিনিয়োগকারীদের অবকাঠামো উন্নয়নে অংশগ্রহণ বৃদ্ধিকরণ**<br>অবকাঠামো উন্নয়নে বেসরকারি খাতের অংশগ্রহণ বৃদ্ধির লক্ষ্যে পাবলিক প্রাইভেট পার্টনারশিপ কর্তৃপক্ষ কর্তৃক সভা, সেমিনার,কনফারেন্স এর মাধ্যমে বিনিয়োগকারীদের মাঝে সুযোগ-সুবিধা তুলে ধরা, প্রয়োজনীয় ক্ষেত্রে VGF (Viability Gap Financing) প্রদান, সেবা প্রতিষ্ঠানসমূহ থেকে সেবা প্রাপ্তির লক্ষ্যে | • অবকাঠামো উন্নয়নে বেসরকারি খাতের অংশগ্রহণ বৃদ্ধি |

| অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| প্রয়োজনীয় ক্ষেত্রে ভ্যাট ও আয়কর মুওকফ, শুল্কমুক্ত যন্ত্রপাতি আমদানী এবং ঋণের উপর থেকে কর প্রত্যাহারের ব্যবস্থা নেয়া হয়ে থাকে। | |
| **৫. এনজিওদের কার্যক্রমে গতিশীলতা আনয়ন**<br>সম্পূর্ণ নতুনভাবে ওয়েব সাইট প্রস্তুত করে জাতীয় তথ্য বাতায়নের সাথে যুক্ত করা হয়েছে। এনজিওদের কার্যক্রমে গতিশীলতা ও স্বচ্ছতার জন্য বৈদেশিক অনুদান রেগুলেশন আইন-২০১৬ প্রণয়ন করা হয়েছে। | • এনজিওদের কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ |
| **৬. বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ ও অভিজ্ঞতা সনদ প্রদান**<br>আধুনিক বিশ্বের অগ্রগতির সাথে সামঞ্জস্য রেখে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান এবং প্রচলিত বিভিন্ন ট্রেডের কাজের অভিজ্ঞতার সনদ অনুযায়ী অভ্যন্তরীণ ও বিদেশের শ্রমবাজারের জন্য দক্ষ ও অভিজ্ঞ জনশক্তি গড়ে তোলা। | • জাতীয় যোগ্যতা কাঠামো অনুযায়ী দক্ষ জনশক্তি গড়ে তোলা |

## ৪.২ মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ (২০২৪-২৫ হতে ২০২৬-২৭)

### ৪.২.১ দপ্তর/সংস্থা/প্রাতিষ্ঠানিক ইউনিটওয়ারী ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৪-২৫ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | ২০২৩-২৪ | | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| প্রধানমন্ত্রী | ৩৬,৫৩,০০ | ২৮,৯৬,৩৮ | ৩১,০৩,০০ | ৩১,০৩,০০ | ৩১,০৩,০০ |
| প্রধানমন্ত্রীর কার্যালয় | ৩৮৪১,৭১,৬৫ | ৩৬৩৫,০৯,৬২ | ৩৯৩৫,৭৩,৮৫ | ৪১৫৬,৯৫,০০ | ৪৪৯১,৬৯,০০ |
| স্পেশাল সিকিউরিটি ফোর্স | ৯৪,৪১,০০ | ৯৪,৯৯,০০ | ১১৮,৯২,০০ | ১৬০,৯০,০০ | ১৬২,৮৪,০০ |
| সদর দপ্তর, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর | ৩৩৩,০৯,০০ | ৩৭০,৬৪,৬৩ | ৩৪২,৬৪,০০ | ৫০৬,৩৬,০০ | ৫৪৪,৭১,০০ |
| জাতীয় নিরাপত্তা গোয়েন্দা প্রশিক্ষণ ইনস্টিটিউট | ৭,০০,০০ | ৭,০০,০০ | ৮,০০,০০ | ৮,০০,০০ | ৮,০০,০০ |
| জাতীয় নিরাপত্তা গোয়েন্দা জেলা কার্যালয়সমূহ | ১২৯,২৭,০০ | ১৪১,১৪,০২ | ১৫৩,৭৯,০০ | ১৬৭,২৪,০০ | ১৭৭,৯৭,০০ |
| প্রধান কার্যালয়, এন.জি.ও. বিষয়ক ব্যুরো | ১০,০৪,০০ | ৯,৮৬,৮০ | ১০,৩২,০০ | ১২,২৯,০০ | ১২,৩৬,০০ |
| **সর্বমোট :** | **৪৪৫২,০৫,৬৫** | **৪২৮৭,৭০,৪৫** | **৪৬০০,৪৩,৮৫** | **৫০৪২,৭৭,০০** | **৫৪২৮,৬০,০০** |

### ৪.২.২ অর্থনৈতিক গ্রুপ কোড অনুযায়ী ব্যয়

(হাজার টাকায়)

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৪-২৫ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২৩-২৪ | | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| | **আবর্তক ব্যয়** | | | | | |
| ৩১১১ | নগদ মজুরি ও বেতন | ৩০৩,৬৭,৮৭ | ৩০৭,৪৪,৫৪ | ৩২৭,৬৪,৫৫ | ৩৩১,৯৫,০৮ | ৩৪৪,৪২,৮৮ |
| ৩২১১ | প্রশাসনিক ব্যয় | ৭২,৩৯,৪৮ | ৭২,৫৮,১৭ | ৫১,৩৬,২৫ | ৩৯,৩৪,৪০ | ৪১,০৮,৬৫ |
| ৩২২১ | ফি, চার্জ ও কমিশন | ১২,৭৮,৮০ | ১৯,৪৯,৩০ | ৮,৮৫,৫৫ | ৮৭,৮৫ | ৯১,২০ |
| ৩২৩১ | প্রশিক্ষণ | ৮৪,৪০,০০ | ৮২,১৭,৯৫ | ৮৫,৯০,০০ | ২৫,৭৫,০০ | ২৫,৯০,০০ |
| ৩২৪৩ | পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট | ১৭,৪১,০০ | ১৮,৪১,০০ | ১৯,১৭,৫০ | ২২,৩৮,০০ | ২৩,২৯,৫০ |
| ৩২৪৪ | ভ্রমণ ও বদলি | ৪২,২৯,৫০ | ৪০,৪৪,৬৫ | ৪৭,০২,৫০ | ৪৯,২৫,৫০ | ৫৭,২৮,৫০ |
| ৩২৫১ | কৃষিজ সরবরাহ | ২৫,০০ | ২৫,০০ | ২৫,০০ | ২৫,০০ | ২৬,০০ |
| ৩২৫২ | চিকিৎসা ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি সরবরাহ | ২১,০০ | ২১,০০ | ২৮,০০ | ৩২,০০ | ৩২,০০ |
| ৩২৫৩ | জনশৃঙ্খলা ও নিরাপত্তা সামগ্রী সরবরাহ | ৫,৮৭,০০ | ৭,৫২,০০ | ৬,০৮,০০ | ৯,৯৮,৫০ | ৯,৯৯,০০ |
| ৩২৫৪ | খাদ্য সরবরাহ | ২৬,০০,০০ | ২১,২০,০০ | ২১,২০,০০ | ৩৪,২৫,৯৮ | ৩৬,৩২,০০ |
| ৩২৫৫ | মুদ্রণ ও মনিহারি | ৬,০১,৭৫ | ৬,৩১,৮১ | ৭,৩৭,৫০ | ৮,৩৯,৬৫ | ৯,৭৮,৩০ |

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৪-২৫ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২৩-২৪ | | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ৩২৫৬ | সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী | ৩,৫০,৬০ | ৩,৪৭,৬০ | ৩,৭৪,১০ | ৪,০৮,৮০ | ৪,২১,১০ |
| ৩২৫৭ | পেশাগত সেবা, সম্মানী ও বিশেষ ব্যয় | ১৭৩,৯২,৯৩ | ২২৬,৮৬,১৯ | ১৬৯,১২,৪০ | ২৫৭,১৩,৯৩ | ২৮৪,২৫,৬৬ |
| ৩২৫৮ | মেরামত ও সংরক্ষণ | ১৮,৩৬,১০ | ২০,৪২,২৫ | ২০,১১,৬০ | ২০,৭৪,৮০ | ২৪,৮৪,৫০ |
| ৩৬৩১ | আবর্তক অনুদান | ১৯০,৪৭,২৯ | ১৮০,৪৯,৬৫ | ১৮৫,১০,৫০ | ১৮১,০৭,৪০ | ১৮৯,৬৫,৬৬ |
| ৩৬৩২ | মূলধন অনুদান | ৬,৬৬,২০ | ৪,৪৯,৭০ | ২,৭৭,৫০ | ২,১৯,১০ | ২,৩৭,৮৪ |
| ৩৭২২ | অনগদ সামাজিক সহায়তা সুবিধাদি | ০ | ১২৭,৫৮,৩৭ | ১৩৮,০৫,৮৫ | ০ | ০ |
| ৩৮২১ | আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয় | ৮১,৬০,১০ | ৮২,০৯,৫৪ | ৯৯,০৩,৬০ | ৫৩,৪৪,৬৫ | ৬৮,৪৮,৭০ |
| ৩৮২৩ | প্রকল্পের আবর্তক স্থানান্তর | ০ | ০ | ০ | ২০৭,৪৩,৮৬ | ১৯০,৩৬,৩৬ |
| ৩৯১১ | সংরক্ষিত | ১৪৪,৫১,০৩ | ০ | ৩,৪০,৯৫ | ০ | ০ |
| | **মোট : - আবর্তক ব্যয়** | **১১৯০,৩৫,৬৫** | **১২২১,৪৮,৭২** | **১১৯৬,৫১,৩৫** | **১২৪৮,৮৯,৫০** | **১৩১৩,৭৭,৮৫** |
| | **মূলধন ব্যয়** | | | | | |
| ৪১১১ | ভবন ও স্থাপনাসমূহ | ১৭২৮,০৫,৫৭ | ১৭১৭,৩১,৮৮ | ১০৫২,৮৮,০০ | ৫০,০০,০০ | ৫০,০০,০০ |
| ৪১১২ | যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | ১১৯,১৩,৪৩ | ৬০,৫৯,৩৫ | ৯৬,১৬,৫০ | ৯২,৪০,৫৬ | ৯২,৩৩,৫১ |
| ৪১১৩ | অন্যান্য স্থায়ী সম্পদ | ১,৬১,০০ | ২,০০,৫০ | ১,৬৮,০০ | ১,৩৯,০০ | ১,৪০,০০ |
| ৪১৪১ | ভূমি | ৯,৭৬,০০ | ৯,৭৬,০০ | ০ | ১০,০০,০০ | ১০,০০,০০ |
| ৪২১১ | প্রকল্প মূলধন ব্যয় | ০ | ০ | ০ | ৩৪৮৯,১৬,৯৪ | ২৬৬৫,৩৪,৬৪ |
| ৪৯১১ | সংরক্ষিত | ১৭২,৭৯,০০ | ০ | ১,০০,০০ | ১৫০,৯১,০০ | ১২৯৫,৭৪,০০ |
| | **মোট : - মূলধন ব্যয়** | **২০৩১,৩৫,০০** | **১৭৮৯,৬৭,৭৩** | **১১৫১,৭২,৫০** | **৩৭৯৩,৮৭,৫০** | **৪১১৪,৮২,১৫** |
| | **সম্পদ** | | | | | |
| ৭২১৫ | ঋণ | ১১১০,৩৫,০০ | ১১১০,৯৫,৬১ | ১৯৪২,৫৪,০০ | ০ | ০ |
| ৭২১৬ | সমমূলধন (Equity) ও বিনিয়োগ তহবিল শেয়ার | ১২০,০০,০০ | ১৬৫,৫৮,৩৯ | ৩০৯,৬৬,০০ | ০ | ০ |
| | **মোট : - সম্পদ** | **১২৩০,৩৫,০০** | **১২৭৬,৫৪,০০** | **২২৫২,২০,০০** | **০** | **০** |
| | **সর্বমোট :** | **৪৪৫২,০৫,৬৫** | **৪২৮৭,৭০,৪৫** | **৪৬০০,৪৩,৮৫** | **৫০৪২,৭৭,০০** | **৫৪২৮,৬০,০০** |

## ৫.০ মন্ত্রণালয়/বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators)

| নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. প্রান্তিক জনগোষ্ঠী ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জীবনমান উন্নয়নে গৃহীত কার্যক্রমের কভারেজ | | | | | | | | | |
| ক. ভূমিহীনদের জন্য বসতঘর নির্মাণ | ২ | % | ১৬.৪৮ | ৭.৮১ | ৬.৮৬ | ১০.৯৮ | ৪.১২ | - | - |
| খ. ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | | | ৩.১৫ | ২.৯০ | ৩.৪৭ | ৩.৪৭ | ৪.১০ | ৪.১০ | ৪.১০ |
| ২. বিনিয়োগ অনুকূল পরিবেশ সৃষ্টি | | | | | | | | | |
| ক. নতুন কর্মসংস্থান বৃদ্ধি | | | | | | | | | |
| ১] বিদেশি সরাসরি বিনিয়োগ খাতে বৃদ্ধি (বেপজা) | ৩ | % | ০.৩২ | ১৯.৬৮ | ০.৪৭ | ১৮.৮৪ | ১৯.৮৩ | ২০.৬২ | ২১.০২ |
| ২] অর্থনৈতিক অঞ্চলে সুযোগ সৃষ্টির মাধ্যমে বৃদ্ধি (বেজা) | | | ৭.১০ | ১৭.০০ | ৪০.১৩ | ৫.৪১ | ৩২.১০ | ২১.৪০ | ২৪.০৮ |
| খ. অনলাইন সেবা প্রদান (বিডা) | | % | ১৬.৬৪ | ১৭.৬৭ | ১৭.৫২ | ১৮.৩৯ | ১৮.৩৯ | ১৯.২৭ | ২৬.২৭ |
| ৩. বিনিয়োগে আন্তর্জাতিক ও স্থানীয় বিনিয়োগকারীদের উৎসাহিতকরণ | ৪ | % | ১৫.৩৫ | ১৬.৯২ | ১৬.৯২ | ১৬.৯২ | ১৬.৯২ | ১৬.৯২ | ১৬.৯২ |

| নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ৪. কার্যক্রম ও আর্থিক বিবরণ সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন ছাপানো এনজিওদের অনুপাত | ৫ | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ |
| ৫. দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে অ্যাসেসর তৈরি | ৬ | % | ৪.৭০ | ৮.৮৩ | ৫.২৫ | ১৮.২৩ | ২১.২৭ | ২৪.৩১ | ২৭.৩৫ |

## ৬.০ অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা এবং ব্যয় প্রাক্কলন

### ৬.১ প্রধানমন্ত্রীর কার্যালয়

৬.১.১ **সাম্প্রতিক অর্জন:** মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১০ সালে আশ্রয়ণ-২ প্রকল্পের কার্যক্রম শুরু করেন। এ পর্যন্ত আশ্রয়ণ-২ প্রকল্পের নির্মিত ব্যারাকের মাধ্যমে ১,৫৯,৮৪৮টি পরিবার, মুজিববর্ষে ২ শতক খাস জমি বন্দোবস্ত প্রদানপূর্বক সেমিপাকা একক গৃহ নির্মাণ করে ২,৫৬,৭৭৪টি পরিবার, নিজ জমিতে গৃহ নির্মাণ করে ১,৫৩,৮৫৩টি পরিবার, তিন পার্বত্য জেলার ক্ষুদ্র নৃ-গোষ্ঠি ৬০০টি পরিবার, আম্ফান ও নদী ভাঙ্গনে ক্ষতিগ্রস্থ ১১০০টি পরিবার এবং খুরুশকুল বিশেষ আশ্রয়ণ প্রকল্পের বহুতল ভবনে জলবায়ু উদ্বাস্ত ৬৪০টি পরিবার, মোট ৫,৭২,৮১৫টি পরিবারকে পুনর্বাসন করা হয়েছে। দেশের বিভিন্ন উপজেলায় ক্ষুদ্র নৃ-গোষ্ঠী জনগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নকল্পে বিগত দুই অর্থবছরে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত গৃহহীনদের জন্য ৫৪৭০২টি বসত ঘর নির্মাণ করা হয়েছে।

### ৬.১.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. ভূমিহীন গৃহহীন, প্রান্তিক ও ছিন্নমূল পরিবারের পুনর্বাসন | পুনর্বাসন | ২ | পরিবার সংখ্যা | ৬০০০০ | ২৮৪৪৭ | ২৫০০০ | ৪০,০০০ | ১৫০০০ | - | |
| ২. সমতলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জন্য শিক্ষা স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণসহ কর্সংস্থান সৃষ্টির লক্ষ্যে আয়বর্ধনমূলক প্রকল্প গ্রহণ | ক্ষুদ্র নৃ-গোষ্ঠীকে সহায়তা | | উপকার-ভোগীর সংখ্যা (হাজার) | ৫০ | ৪৬ | ৫৫ | ৫৫ | ৬৫ | ৬৫ | ৬৫ |

### ৬.১.৩ প্রাতিষ্ঠানিক ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২২-২৩ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **পরিচালন কার্যক্রম** | | | | | | | |
| **সাধারণ কার্যক্রম** | | | | | | | |
| ১০৩০১০১ - প্রধানমন্ত্রী | ১-৭ | ১৪,৮৮,৫৭ | ৩৬,৫৩,০০ | ২৮,৯৬,৩৮ | ৩১,০৩,০০ | ৩১,০৩,০০ | ৩১,০৩,০০ |
| ১০৩০১০২ - প্রধানমন্ত্রীর কার্যালয় | ১-৭ | ৫১,০৭,০২ | ৯২,৯২,০০ | ৭১,০০,৪০ | ৯৫,৬১,০০ | ৬৫,২০,০০ | ৭২,২৪,০০ |
| ১০৩০১০৩ - স্পেশাল সিকিউরিটি ফোর্স | ১-৭ | ৫৬,২৩,৮৫ | ৯৪,৪১,০০ | ৯৪,৯৯,০০ | ১১৮,৯২,০০ | ১৬০,৯০,০০ | ১৬২,৮৪,০০ |
| ১০৩০২০১ - সদর দপ্তর, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর | ১-৭ | ২৭৩,২৭,৯৩ | ৩৩৩,০৯,০০ | ৩৭০,৬৪,৬৩ | ৩৪২,৬৪,০০ | ৫০৬,৩৬,০০ | ৫৪৪,৭১,০০ |
| ১০৩০২০২ - জাতীয় নিরাপত্তা গোয়েন্দা প্রশিক্ষণ ইনস্টিটিউট | - | ৯,৯৯,৯৯ | ৭,০০,০০ | ৭,০০,০০ | ৮,০০,০০ | ৮,০০,০০ | ৮,০০,০০ |
| ১০৩০২০৫ - জাতীয় নিরাপত্তা গোয়েন্দা জেলা কার্যালয়সমূহ | - | ১০০,৯৩,৮৫ | ১২৯,২৭,০০ | ১৪১,১৪,০২ | ১৫৩,৭৯,০০ | ১৬৭,২৪,০০ | ১৭৭,৯৭,০০ |
| **মোট : সাধারণ কার্যক্রম** | | **৫০৬,৪১,২১** | **৬৯৩,২২,০০** | **৭১৩,৭৪,৪৩** | **৭৪৯,৯৯,০০** | **৯৩৮,৭৩,০০** | **৯৯৬,৭৯,০০** |

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২২-২৩ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **বিশেষ কার্যক্রম** | | | | | | | |
| ১২০০০০৮০১ - সরকারি কর্মচারীদের জন্য ঋণ | - | ০ | ৪৫,০০ | ০ | ০ | ০ | ০ |
| ১২০০১৪৩০১ - সুশাসন ও জনপ্রশাসনের দক্ষতা উন্নয়ন | | ০ | ১২১,৩৭,০০ | ১২১,৩৭,০০ | ১৩৯,১৪,০০ | ৩৫,০০,০০ | ৫০,০০,০০ |
| ১২৭০২২০০১ - ওয়ার্ল্ড স্কিল ইন্টারন্যাশনাল (ডব্লিউএসআই) | - | ২৩,৮১ | ২৮,০০ | ২৮,০০ | ৩২,০০ | ৩২,০০ | ৩২,০০ |
| **মোট : বিশেষ কার্যক্রম** | | **২৩,৮১** | **১২২,১০,০০** | **১২১,৬৫,০০** | **১৩৯,৪৬,০০** | **৩৫,৩২,০০** | **৫০,৩২,০০** |
| **মোট : পরিচালন কার্যক্রম** | | **৫০৬,৬৫,০২** | **৮১৫,৩২,০০** | **৮৩৫,৩৯,৪৩** | **৮৮৯,৪৫,০০** | **৯৭৪,০৫,০০** | **১০৪৭,১১,০০** |
| **উন্নয়ন কার্যক্রম** | | | | | | | |
| **বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত** | | | | | | | |
| ২১১০০০২০১ - কাজের বিনিময়ে সরবরাহকৃত খাদ্য সামগ্রীর মূল্য (এ.ডি.পি. বহির্ভূত) | ৬ | ০ | ১৪১,৯০,৬৫ | ১২৭,৫৮,৩৭ | ১৩৮,০৫,৮৫ | ০ | ০ |
| **মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত** | | **০** | **১৪১,৯০,৬৫** | **১২৭,৫৮,৩৭** | **১৩৮,০৫,৮৫** | **০** | **০** |
| **বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | | | | | | |
| ২২১০০০১০৩ - প্রধানমন্ত্রীর কার্যালয়ের অননুমোদিত প্রকল্পের জন্য সংরক্ষিত | ১-৭ | ০ | ১৪১,৭৯,০০ | ০ | ০ | ১৫০,৯১,০০ | ১২৯৫,৭৪,০০ |
| ২২১০০০২০০ - বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত) | ৭ | ৯৯,৯১,৪৭ | ১০০,০০,০০ | ১০০,০০,০০ | ১০০,০০,০০ | ১২৫,০০,০০ | ১২৫,০০,০০ |
| ২২৩০৪১১০০ - খুরুশকুল বিশেষ আশ্রয়ণ প্রকল্প (১ম সংশোধিত) (০১/০৭/২০২০ - ৩১/১২/২০২৪) অনুমোদিত | | ৩২৩,৯৯,৫৫ | ৩৫৯,৫৯,০০ | ৩০৪,১১,০০ | ২২০,০০,০০ | ০ | ০ |
| ২২৪০০০৬০০ - আশ্রয়ণ-২ প্রকল্প (৫ম সংশোধিত) (০১/০৭/২০১০-৩০/০৬/২০২৫) অনুমোদিত | ৬ | ৫৬৮,১৮,১৭ | ১৫৩০,০৩,০০ | ১৫৩০,০৩,০০ | ৮৮৪,১৫,০০ | ০ | ০ |
| **মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | **৯৯২,০৯,১৯** | **২১৩১,৪১,০০** | **১৯৩৪,১৪,০০** | **১২০৪,১৫,০০** | **২৭৫,৯১,০০** | **১৪২০,৭৪,০০** |
| **মোট : উন্নয়ন কার্যক্রম** | | **৯৯২,০৯,১৯** | **২২৭৩,৩১,৬৫** | **২০৬১,৭২,৩৭** | **১৩৪২,২০,৮৫** | **২৭৫,৯১,০০** | **১৪২০,৭৪,০০** |
| **মোট :** | | **১৪৯৮,৭৪,২১** | **৩০৮৮,৬৩,৬৫** | **২৮৯৭,১১,৮০** | **২২৩১,৬৫,৮৫** | **১২৪৯,৯৬,০০** | **২৪৬৭,৮৫,০০** |

## ৬.২ বেসরকারি রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল গভর্ণরস বোর্ডের নির্বাহী সেল

**৬.২.১ সাম্প্রতিক অর্জন:** দেশের শিল্পায়নের লক্ষ্যে শিল্প উদ্যোক্তাদেরকে উৎসাহিত করার জন্য বিভিন্ন প্রকারের সুযোগ সুবিধা প্রদান করা হচ্ছে। বর্তমানে বাংলাদেশে কোরিয়ান ও রাঙ্গুনিয়া ইপিজেডের কার্যক্রম চলমান রয়েছে। বিগত ৩টি অর্থবছরে কোরিয়ান ইপিজেড ৬৯,১৭,৮২,৮৩১.০৬ মার্কিন ডলারের উৎপাদিত পন্য রপ্তানি করেছে, যা প্রতিবছরে বৃদ্ধি পাচ্ছে। ই-ভিসার সুপারিশসহ বিদেশিদের ২০টি ওয়ার্ক পারমিট প্রদান করা হয়েছে। কোরিয়ান ইপিজেডে প্রায় ২৯,৫০০ লোক কর্মরত আছে। এ পর্যন্ত সবুজ বেষ্টনীর জন্য কোরিয়ান ইপিজিডে ২৬,২৫,০০০ গাছ লাগানো হয়েছে।

### ৬.২.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. বেসরকারি ইপিজেডে শিল্প স্থাপনের অনুমোদন প্রদান | সিদ্ধান্ত প্রদানের সময় | ৩ | দিন | ১২০ | ১২০ | ১৭০ | ১৫৮ | ১৬০ | ১০০ | ১০০ |
| ২. বিদেশি নাগরিকদের ওয়ার্ক পারমিট প্রদান | সিদ্ধান্ত প্রদানের সময় | | | ১২ | ১২ | ২৫ | ২৪ | ২০ | ১৫ | ১৫ |

## ৬.২.৩ প্রাতিষ্ঠানিক ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২২-২৩ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **পরিচালন কার্যক্রম** | | | | | | | |
| **সহায়তা কার্যক্রম** | | | | | | | |
| ১৩১০০০১০০ - বেসরকারি রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল গভর্নর বোর্ডের নির্বাহী সেল | ১-২ | ১৩,৫০ | ১৮,০০ | ১৮,০০ | ১৮,০০ | ১৮,০০ | ১৮,০০ |
| **মোট : সহায়তা কার্যক্রম** | | **১৩,৫০** | **১৮,০০** | **১৮,০০** | **১৮,০০** | **১৮,০০** | **১৮,০০** |
| **মোট : পরিচালন কার্যক্রম** | | **১৩,৫০** | **১৮,০০** | **১৮,০০** | **১৮,০০** | **১৮,০০** | **১৮,০০** |
| **মোট :** | | **১৩,৫০** | **১৮,০০** | **১৮,০০** | **১৮,০০** | **১৮,০০** | **১৮,০০** |

## ৬.৩ এনজিও বিষয়ক ব্যুরো

